ভোরের কাগজ

তারিখ ........ পৃষ্ঠা ১৭ কলাম ৬....

AUG 09 2002

# গুরুত্বপূর্ণ কলেজগুলোকে ডিগ্রি প্রদানের ক্ষমতা দেওয়া উচিত

## সংবাদ সম্মেলনে এনএসইউর প্রতিষ্ঠাতা সভাপতি

কাগজ প্রতিবেদক : দেশের গুরুত্বপূর্ণ কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ের মতো ডিগ্রি প্রদানে ক্ষমতা দেওয়া এবং প্রাইভেট কোচিং ও নোটবই বন্ধ করার সুপারিশ করেছেন নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) প্রতিষ্ঠাতা সভাপতি মুসলেহ উদ্দিন আহমেদ। গতকাল বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে তিনি এই সুপারিশ করে বলেছেন, কয়েকটি গুরুত্বপূর্ণ কলেজ মনোনীত করে ডিগ্রি প্রদানের প্রক্রিয়াটি শুরু করা যেতে পারে। পর্যায়ক্রমে সব কলেজকে ডিগ্রি প্রদানের ক্ষমতা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়কে শুধুমাত্র প্রশিক্ষণের কাজে ব্যবহার করা যেতে পারে।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। লিখিত বক্তব্যে মুসলেহ উদ্দিন আহমেদ বলেন, আমেরিকাসহ উন্নত কয়েকটি দেশে কলেজগুলো নিজেরাই ডিগ্রি সার্টিফিকেট দেয়। বাংলাদেশে যে সব কলেজ ডিগ্রি দিবে সে কলেজগুলো মনিটরিং করার জন্য একটি পরিচালনা কমিটি করতে হবে। তিনি বলেন, নকল প্রতিরোধ, নোট ব্যবসা বন্ধ, শিক্ষকদের বেতনভাতা বৃদ্ধি, পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করে তিন মাস অন্তর পরীক্ষা নেওয়া উচিত। তিনি গুরুত্বপূর্ণ কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করারও সুপারিশ করেছেন। তিনি বলেন, সব কলেজে শিক্ষার মান সমান নয়। তাই ডিগ্রি প্রদানের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের শর্ত যে সব কলেজ পূরণ করতে পারবে শুধুমাত্র সেই কলেজগুলোকেই ডিগ্রি প্রদানের ক্ষমতা দেওয়া যেতে পারে। তবে এ ক্ষেত্রে কোনো রাজনৈতিক প্রভাব থাকতে পারবে না।

সংবাদ সম্মেলনে ঢাকা কলেজ, জগন্নাথ কলেজ, ইডেন কলেজ, ভিকারুন্নিছা কলেজ, ভিক্টোরিয়া কলেজ, এমসি কলেজ, বিএম কলেজ, এডওয়ার্ড কলেজ, নটরডেম কলেজ ইত্যাদি কলেজকে ডিগ্রি প্রদানের ক্ষমতা প্রদানের সুপারিশ করা হয়।